

সহায়তার জন্য যোগাযোগ করুন

- কাশিমপুর (গাজীপুর) - ০১৬২৭-০০৭৭৮৩
- ঢাকা - ০১৬৮১-৫৭৭৬৫০

কারাবন্দী মাদকাসক্ত

ব্যক্তিদের সেবা ও সহায়তা প্রদান



ইমপ্রভমেন্ট অব দ্য রিয়েল সিচুয়েশন অব ওভারক্রাউডিং ইন প্রিজন্স ইন বাংলাদেশ
স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও জিআইজেড - এর একটি যৌথ প্রকল্প

বাস্তবায়ন সহযোগী

ঢাকা আহুছানিয়া মিশন

হেল্থ সেক্টর: বাড়ি- ১৫২, ব্লক- ক

পিসি কালচার হাউজিং সোসাইটি, শ্যামলী, ঢাকা ১২০৭

ফোন: ০২- ৫৮১৫১১১৪, মোবা: ০১৭৮২৬১৮৬৬১

ইমেইল: amic.dam@gmail.com

ওয়েব সাইট: www.amic.org.bd

কারাবন্দী মাদকাসক্ত

ব্যক্তিদের সেবা ও সহায়তা প্রদান

মাদকাসক্ত ব্যক্তির কারণে সামাজিক ও পারিবারিক জীবনে বিরূপ প্রভাব পড়ছে। একটি পরিবারে একজন মাদকাসক্ত ব্যক্তি থাকলে তার পুরো পরিবার মানসিক, আর্থিক ও সামাজিক ক্ষতির সম্মুখীন হয়। আত্মীয় - পরিজন - প্রতিবেশী - সমাজ সকলেই এর ভুক্তভোগী হয়ে পড়ে। মাদকের চাহিদা পূরণ করতে গিয়ে মাদকাসক্ত ব্যক্তি এক সময় অপরাধের পথে পা বাড়ায়। ছোট খাটো অপরাধ করার মাধ্যমে সে অপরাধ জগতে প্রবেশ করে। মাদকের চাহিদা বাড়ার সাথে সাথে তার অর্থের প্রয়োজনীয়তাও বাড়তে থাকে ফলে অর্থের যোগান দিতে গিয়ে বার বার অপরাধের সাথে যুক্ত হতে হয়।




মাদককে সব সময়ই না



মাদকাসক্ত ব্যক্তি প্রথমেই একজন অসুস্থ ব্যক্তি সে অন্যান্য অপরাধীদের মত নয়। মাদকের প্রতি নির্ভরশীলতাই তার অপরাধের মূল কারণ। সুতরাং তার সুস্থতার সাথে তার অপরাধ প্রবণতা বন্ধ করা যেতে পারে। মাদকাসক্তি থেকে বেরিয়ে আসলে মাদকের চাহিদা মেটাবার জন্য সে যে অপরাধ করে তা থেকে সে দূরে থাকবে।


মনে রাখতে হবে মাদকাসক্তি এমন এক ধরনের অসুস্থতা যেখানে শরীর ও মন আক্রান্ত হয়। বিভিন্ন রোগের যেমন চিকিৎসা রয়েছে, তেমনি মাদকাসক্তি রোগেরও চিকিৎসা রয়েছে। এই রোগের চিকিৎসা বিশেষ ধরনের ও দীর্ঘমেয়াদী এবং কয়েকটি ধাপে হয়ে থেকে। সঠিক চিকিৎসা ও সেবার মাধ্যমে একজন মাদকাসক্ত ব্যক্তি স্বাভাবিক ও সুন্দর জীবনে ফিরে আসতে পারে।

আপনি মাদকাসক্তি থেকে বের হতে চাইলে আমরা আপনাকে সহায়তা করতে পারি। এ জন্য আপনাকে সিদ্ধান্ত নিতে হবে সবার আগে। সরকারি, বেসরকারি ও এনজিও পর্যায়ে বিভিন্ন প্রতিষ্ঠান রয়েছে যারা আপনাকে মাদকাসক্তির চিকিৎসা ও পরামর্শ দিতে পারেন। আপনার পরিবারের সহযোগিতা আপনার চিকিৎসার জন্য অত্যন্ত প্রয়োজন। চিকিৎসার জন্য মনস্ত্রি করুন এবং সহায়তা গ্রহণ করুন।



কেন্দ্রীয় মাদকাসক্তি চিকিৎসা
ও নিরাময় কেন্দ্র
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪৪১ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮
ফোন: ০২-৮৮৭৮৩৩৮
০২-৮৮৭৮৩৩৩
(সরকারি চিকিৎসা কেন্দ্র)

অনেক ক্ষেত্রেই মাদকাসক্ত ব্যক্তি মাদক ব্যবসাসহ বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়ে। অপরাধী হিসেবে সে পরিবার ও সমাজ থেকে নিগৃহীত হয় ও পুলিশ প্রশাসনের লক্ষ্যে পরিণত হয়। তার পরিণতিতে যেতে হয় কারাগারে। ছাড়া পাওয়ার পরেও অনেকসময় পুনরায় এ ধরনের অপরাধের জন্য কারাগারে ফেরত যেতে হয় এবং একসময় কারাগার হয়ে ওঠে তার বিকল্প ঠিকানা।



মাদকের টাকা যোগাড় করা এবং
অল্প সময়ে অধিক অর্থ উপার্জনের
আশায় অনেকেই মাদক বিক্রি ও
চোরচালানের সাথে জড়িয়ে যায়

ঢাকা আহুছানিয়া মিশন পরিচালিত মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের ঠিকানা সমূহ

গাজীপুর কেন্দ্র (পুরুষ)

গজারিয়া পাড়া
মিয়া বাড়ী সড়ক
রাজেন্দ্রপুর, গাজীপুর
মোবা: ০১৭১৫৪০৭৮৪৩
০১৭৭২৯১৬১০২

যশোর কেন্দ্র (পুরুষ)

ভেকুটিয়া, যশোর
মোবা: ০১৭৮১৩৫৫৭৫৫

ঢাকা কেন্দ্র (নারী)

বাড়ি- ১৫২, ব্লক- ক
পিসি কালচার হাউজিং সোসাইটি
শ্যামলী, ঢাকা ১২০৭
মোবা: ০১৭৭৭৭৫৩১৪৩
০১৭৪৮৪৭৫৫২৩